দৈনিক বাংলা

তারিখ 30 AUG 1995
পৃষ্ঠা 7 কলাম 9

14

# বুয়েটের নতুন ব্যাচের ক্লাস শুরু নিয়ে সমস্যা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** আগামী ১০ সেপ্টেম্বর থেকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নতুন ব্যাচের ক্লাশ শুরুর সম্ভাবনা খুব কম।

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## বুয়েটের নতুন

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি সূত্র জানান, আগামী ৩১ আগস্ট প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হবে। ঐ সভায় নতুন ব্যাচের ক্লাস শুরু হবে কি হবে কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত হবে।

সূত্র জানান, এর আগে কর্তৃপক্ষ নীতিগতভাবে ১০ সেপ্টেম্বর থেকে নতুন ব্যাচের ক্লাশ শুরুর সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু কয়েকটি সমস্যা দেখা দেয়ায় ১০ সেপ্টেম্বর, থেকে ক্লাস্ শুরু অনিশ্চিত হয়ে পড়েছে।

জানা গেছে, নতুন ব্যাচে ৫৩৫ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। একই সঙ্গে অন্যান্য ব্যাচের ক্লাস শুরু হলে ক্লাস সময় সংকট, শিক্ষক সংকটসহ আনুষঙ্গিক কিছু সমস্যা দেখা দেবে। এ কারণে কর্তৃপক্ষ ১০ সেপ্টেম্বর অন্যান্য পুরনো ব্যাচের ক্লাস শুরু করলেও নতুন ব্যাচের ব্যাপারে সংশয় দেখা দিয়েছে।

অন্যদিকে সেপ্টেম্বরে নতুন ব্যাচের ক্লাশ শুরু না হলে তাদের সেশন জ্যামে পড়তে হবে। এমনিতেই তারা গত ডিসেম্বর মাসে এইচএসসি পাস করার পর একটানা ৭ মাস বসে রয়েছেন।

বুয়েটের পুর কৌশল বিভাগের তৃতীয় বর্ষের জাহিদ হোসেন জানান, ক্যাম্পাসে গত কয়েক মাস অস্বস্তিকর পরিস্থিতি বিরাজ করায় ক্লাশ বন্ধ ছিল। তাছাড়া তিনি জানান, সেশন জ্যামও রয়েছে। অন্য একটি সূত্র জানান, ৬ মাস ধরে ভার্সিটিতে সেশন জ্যাম রয়েছে। সেশন জ্যামের কারণে বেশ কিছু মেধাবী ছাত্র উচ্চশিক্ষার জন্য বিদেশে চলে গেছেন।

বুয়েট কর্তৃপক্ষ অবশ্য দাবী করেছেন, বর্তমানে বুয়েটে একাডেমিক ক্ষেত্রে কোন সেশন জ্যাম নেই।